গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/১৯ তারিখ: ০২.০২.২০২৬ খ্রি.

**বিষয়: ২০২৬ সালের ৬ষ্ঠ (স্কুল/মাদ্রাসা), ৯ম বিশেষ ক্ষেত্রে (স্কুল/মাদ্রাসা) শ্রেণি এবং ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ১১শ ও আলিম ১ম বর্ষে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে উপবৃত্তির জন্য আবেদন সংগ্রহপূর্বক প্রক্রিয়াকরণ।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৬.০১.২০২৬ তারিখের ৩৭.০০.০০০০.০০০.০৬১.০৬.০০১৩.১৮.৭৬ নম্বর স্মারক;

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের ৬ষ্ঠ (স্কুল/মাদ্রাসা), ৯ম বিশেষ ক্ষেত্রে (স্কুল/মাদ্রাসা) শ্রেণি এবং ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ১১শ ও আলিম ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদনের তথ্য HSP-MIS সফটওয়্যারে নির্ভুলভাবে এন্ট্রি ও প্রক্রিয়াকরণের লক্ষ্যে নির্ধারিত ফরমে তথ্যাদি শিক্ষার্থী হতে অগ্রিম সংগ্রহ করা বিশেষ প্রয়োজন।

০২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রস্থ স্মারকে সমন্বিত উপবৃত্তি কর্মসূচির অপারেশন ম্যানুয়াল সংশোধনের প্রস্তাব নিম্নোক্তভাবে অনুমোদন করা হয়েছে:

ক) উপবৃত্তির জন্য শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রশ্নমালা পরিবর্তন (সংযুক্তি- ০১);

খ) শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি পুনর্গঠন ও কর্মপরিধি (TOR) সুনির্দিষ্টকরণ;

| **পুর্বের কমিটি** | | **বর্তমান পুর্ণগঠিত কমিটি** | |
|---|---|---|---|
| শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | সভাপতি | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | সভাপতি |
| ইউনিয়ন পরিষদ/পৌর সভার সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর | সদস্য | সংশ্লিস্ট শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং/ ম্যানেজিং কমিটির অন্তর্ভুক্ত ০১ (এক) জন অভিভাবক প্রতিনিধি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত) | সদস্য |
| সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণি শিক্ষক | সদস্য সচিব | সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণি শিক্ষক | সদস্য সচিব |

**কমিটির কর্মপরিধি:**

I. কমিটি এক বা একাধিক সভার মাধ্যমে শিক্ষার্থী কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রের সকল তথ্যাদি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাই করবে;
II. কমিটির সদস্যগণ প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে প্রদত্ত তথ্যাদির সত্যতা যাচাই-বাছাই করবে;
III. কমিটির সভায় আবেদনকারী সকল শিক্ষার্থীর তথ্যাদি যাচাই বাছাইঅন্তে উপবৃত্তির জন্য সুপারিশ যোগ্য ও সুপারিশ অযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করবে এবং কমিটির সকল সদস্য কর্তৃক স্বাক্ষরিত আবেদন ফরম এবং কার্যবিবরণী শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে;
IV. কমিটি সভায় কেবলমাত্র উপবৃত্তির জন্য সুপারিশযোগ্য শিক্ষার্থীদের তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে HSP-MIS এ এন্ট্রির বিষয়ে সুপারিশ করবে।



CamScanner

গ) মেধাবৃত্তিপ্রাপ্ত দরিদ্র শিক্ষার্থীদের উপবৃত্তিতে অন্তর্ভুক্তি:

| বর্তমান অবস্থা | কমিটির সুপারিশ |
|---|---|
| অন্য কোনো সরকারি উৎস থেকে উপবৃত্তি অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করা যাবে না। | মেধাবৃত্তিপ্রাপ্ত দরিদ্র পরিবারের শিক্ষার্থীরাও উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে আবেদন করতে পারবে। |

০৩। বর্ণিত অবস্থায়, উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি করার প্রক্রিয়াটি স্বল্প সময়ের মধ্যে সুষ্ঠু ও নির্বিঘ্ন করার জন্য নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী তথ্য আগামী ২২/০২/২০২৬ তারিখের মধ্যে সংগ্রহ করে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে পুনর্গঠিত আবেদনপত্র যাচাই-বাছাই কমিটিতে উপস্থাপন এবং কমিটির কর্মপরিধি (TOR) অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইট (www.pmeat.gov.bd) এবং HSP-MIS এর নোটিশ বার/মেনু থেকে উপবৃত্তির সংশোধিত আবেদন ফরম ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

**সংযুক্তি: উপবৃত্তির আবেদন ফরম (০৩ পাতা)।**

০২/০২/২৬

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩
ই-মেইল: hsp@pmeat.gov.bd

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান। (নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম অনুযায়ী তথ্য সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো)
১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

আবেদনকারী শিক্ষার্থীর ছবি

## উপবৃত্তির আবেদন ফরম
## (৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে), ১১শ ও সমমান শ্রেণির জন্য)

ভর্তির শিক্ষাবর্ষ/সেশন:

### শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য

শিক্ষার্থীর বোর্ড রেজিস্ট্রেশন নম্বর:

শিক্ষার্থীর বর্তমান শ্রেণি:

শিক্ষার্থীর জন্ম সনদ নম্বর: | শিক্ষার্থীর জন্ম তারিখ:

শিক্ষার্থীর নাম (বাংলা): | শিক্ষার্থীর নাম (ইংরেজি):

শিক্ষার্থীর জেন্ডার (টিক চিহ্ন দিন):

ছেলে ☐ মেয়ে ☐ তৃতীয় লিঙ্গ ☐ (তৃতীয় লিঙ্গ হলে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)

শিক্ষার্থীর জন্মস্থান: | শিক্ষার্থীর জাতীয়তা: বাংলাদেশী

শিক্ষার্থীর ধর্ম: | পেশা: শিক্ষার্থী

**পিতার তথ্য:**

পিতার এনআইডি: | পিতার জন্ম তারিখ:

পিতার নাম (বাংলা): | পিতার নাম (ইংরেজি):

**মাতার তথ্য:**

মাতার এনআইডি: | মাতার জন্ম তারিখ:

মাতার নাম (বাংলা): | মাতার নাম (ইংরেজি):

**অভিভাবকের তথ্য:**

শিক্ষার্থীর অভিভাবক কে (টিক চিহ্ন দিন):

পিতা ☐ মাতা ☐ অন্যান্য অভিভাবক ☐

(অন্যান্য অভিভাবক বলতে কেবল মাত্র পিতা ও মাতার মৃত্যুজনিত কারণে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে বুঝাবে এবং সে ক্ষেত্রে শিক্ষার্থীর নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব খুলতে হবে)।

অভিভাবকের স্বাক্ষর/টিপসই | আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর



CamScanner

উপবৃত্তির অর্থ প্রাপ্তির জন্য অভিভাবক হিসাবে যাকে নির্বাচিত করা হয়েছে তার তথ্য নিম্নে প্রদান করুন

| | | | |
|---|---|---|---|
| অভিভাবকের এনআইডি:<br>(১০ অথবা ১৭ ডিজিট) | | জন্ম তারিখ: | |
| নাম (বাংলা): | | | |
| নাম (ইংরেজি) | | | |
| মোবাইল নম্বর | | পেশা: | |

**পেমেন্ট সংক্রান্ত তথ্য:**

শিক্ষার্থী নিম্নোক্ত কোন্ হিসাবধারীর নামে উপবৃত্তির অর্থ পেতে ইচ্ছুক (টিক চিহ্ন দিন):
পিতার নামীয় হিসাব ☐ মাতার নামীয় হিসাব ☐ নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব ☐

শিক্ষার্থী নিম্নোক্ত কোন্ আর্থিক সেবার মাধ্যমে উপবৃত্তির অর্থ পেতে ইচ্ছুক (টিক চিহ্ন দিন):
ব্যাংক একাউন্ট/স্কুল ব্যাংকিং একাউন্ট ☐ এজেন্ট ব্যাংকিং একাউন্ট ☐ মোবাইল ব্যাংকিং একাউন্ট ☐

**অনলাইন ব্যাংক একাউন্ট (জেনারেল ব্যাংকিং/স্কুল ব্যাংকিং):**

| | |
|---|---|
| ব্যাংকের নাম: | |
| শাখার নাম: | |
| একাউন্টধারীর নাম: | |
| ব্যাংক একাউন্ট নম্বর (১৩ থেকে ১৭ সংখ্যা): | |

**অথবা**
**এজেন্ট ব্যাংকিং একাউন্ট,**

| | |
|---|---|
| ব্যাংকের নাম: | |
| শাখার নাম (স্ব স্ব ব্যাংকের এজেন্ট ব্যাংকিং): | |
| একাউন্টধারীর নাম: | |
| এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর (১৩ থেকে ১৭ সংখ্যা): | |

**অথবা**
**মোবাইল ব্যাংকিং একাউন্ট,**

| | |
|---|---|
| মোবাইল ব্যাংকিং এর নাম: | |
| মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর (১১ সংখ্যা):<br>(অভিভাবকের এনআইডি দিয়ে একাউন্ট খুলতে হবে) | |
| একাউন্টধারীর নাম: | |

**অভিভাবকের স্বাক্ষর/টিপসই** **আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর**



CamScanner

**শিক্ষার্থীর স্থায়ী ঠিকানা:**

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা/থানা | | গ্রাম/বাসার নম্বর | |

**শিক্ষার্থীর বর্তমান ঠিকানা:**

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা/থানা | | গ্রাম/বাসার নম্বর | |

**শিক্ষার্থীর বর্তমান শিক্ষাগত তথ্য:**

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | গ্রুপ/বিভাগ (১১শ শ্রেণির ক্ষেত্রে) | |
| জেলা | | শাখা | |
| উপজেলা/থানা | | শ্রেণি রোল | |
| বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের নাম | | | |

**"আবেদনকারীর পরিবারের আর্থিক অবস্থা সংক্রান্ত তথ্য"**

০১। আবেদনকারীর পড়ালেখার খরচ কে বহন করে? পিতা/ মাতা/ অন্যান্য অভিভাবক **(অন্যান্য অভিভাবক বলতে কেবল মাত্র পিতা ও মাতার মৃত্যুজনিত কারণে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে বুঝাবে)।**

০২। আবেদনকারীর পিতা-মাতা কি জীবিত? দুই জনই জীবিত/ শুধু মা জীবিত/ শুধু বাবা জীবিত/ কেউ জীবিত নেই (পিতা মাতা কেউ জীবিত না থাকলে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)।

০৩। আবেদনকারীর পিতার শিক্ষাগত যোগ্যতা: নিরক্ষর/ প্রাথমিক/ মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/ স্নাতক ও তদূর্ধ্ব (পিতা মৃত হলেও শিক্ষাগত যোগ্যতা নির্বাচন করতে হবে)।

০৪। আবেদনকারীর মাতার শিক্ষাগত যোগ্যতা: নিরক্ষর/ প্রাথমিক/ মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/ স্নাতক ও তদূর্ধ্ব (মাতা মৃত হলেও শিক্ষাগত যোগ্যতা নির্বাচন করতে হবে)।

০৫। আবেদনকারীর কত জন ভাই/বোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত আছে? ১ জন/ ২ জন/ ২ জনের অধিক/ কেউ না।

০৬। আবেদনকারী কি অন্য কোনো উৎস থেকে উপবৃত্তি/শিক্ষাভাতা পান? (হ্যাঁ/ না)।

০৭। আবেদনকারীর কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

০৮। আবেদনকারী কি জন্মগতভাবে/ দীর্ঘমেয়াদী কোনো রোগে ভুগছেন? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

০৯। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবকের কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

১০। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবক কি জন্মগতভাবে/ দীর্ঘমেয়াদী কোন রোগে ভুগছেন? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

অভিভাবকের স্বাক্ষর/টিপসই

আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর



CamScanner

১১। আবেদনকারীর পিতা-মাতা ব্যতীত পরিবারের অন্য কোনো সদস্য জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী শারীরিক/মানসিক রোগে ভুগছেন? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

১২। আবেদনকারী পিতা/ মাতা/ অভিভাবকের পেশা কি? (চাকুরি/ কৃষি / ব্যবসা/ অন্যান্য/ কর্মহীন)।

১৩। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবক বিদেশে কর্মরত কিনা? (হ্যাঁ/না)।

১৪। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবকের আয়ের উৎস কোথায়? (শহরে/ গ্রামে)।

১৫। আবেদনকারীর পরিবারের বার্ষিক আয়ের পরিমান কত? (১ লক্ষের নিম্নে/ ১ লক্ষ থেকে ২ লক্ষ/ ২ লক্ষ থেকে ৩ লক্ষ/ ৩ লক্ষের অধিক)।

১৬। আবেদনকারীর পরিবারের উপার্জনরত সদস্য সংখ্যা কত জন? (০১ জন/ ০২ জন/ ০৩ জন/ ০৩ জনের অধিক)।

১৭। আবেদনকারীর পরিবারের সদস্য সংখ্যা কত জন? (৩ জন/ ৪ জন/ ৫ জন/ ৬ জন)।

১৮। আবেদনকারী কোন্ এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত? (পাহাড়ি/ হাওড়/ চর/ উপকূলীয়/ সমতল)।

১৯। আবেদনকারী কি বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিবারের সদস্য? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম ............)।

২০। আবেদনকারীর বসতঘরে কয়টি কক্ষ আছে? (একটি/দুইটি/তিনটি/তিনের অধিক)।

২১। আবেদনকারীর বসতঘর কি ধরনের? (পাকা/ সেমিপাকা/ টিন/ কাঁচা)।

২২। আবেদনকারীর বাড়িতে কোন্ ধরনের টয়লেট আছে? (পাকা/ সেমি পাকা/ কাঁচা)।

২৩। আবেদনকারীর বসতঘরে কোন্ ধরনের ইলেকট্রনিক্স দ্রব্য ব্যবহার করে? (ল্যাপটপ/কম্পিউটার/টিভি/ফ্রিজ/কোনটি না)।

২৪। আবেদনকারীর পরিবারের খাবার পানির উৎস কি? (সাপ্লাই/ টিউবওয়েল/ অন্যান্য উৎস)।

২৫। আবেদনকারীর পরিবারের বার্ষিক ব্যয় কত? (১ লক্ষের নিম্নে/ ১ লক্ষ থেকে ২ লক্ষ/ ২ লক্ষ থেকে ৩ লক্ষ/ ৩ লক্ষের অধিক)।

২৬। আবেদনকারীর পিতা/মাতার মোট জমির পরিমাণ কত? (ভূমিহীন/ ১-৫ শতাংশ/ ৬-১০ শতাংশ/ ১০ শতাংশের অধিক)

২৭। আবেদনকারীর পিতা/মাতা/অভিভাবকের কি কোন ক্ষুদ্র ঋণ/ কিস্তি ঋণ আছে? (হ্যাঁ/না)

২৮। আবেদনকারীর পিতা/মাতার কোন্ ধরণের কার্ড আছে? (ভিজিডি কার্ড/ভিজিএফ কার্ড/বয়স্ক ভাতার কার্ড/বিধবা ভাতার কার্ড/ স্বামী পরিত্যক্তা কার্ড/কোনো কার্ড নেই) (কার্ড থাকলে প্রমাণপত্র দিতে হবে)।

২৯। আবেদনকারী কি বীর মুক্তিযোদ্ধার সন্তান? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে বীর মুক্তিযোদ্ধার প্রমাণপত্র দিতে হবে)

**অভিভাবকের স্বাক্ষর/টিপসই** **আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর**

| | |
|---|---|
| **শিক্ষা প্রতিষ্ঠানের নাম:** | |
| **EIIN নম্বর:** | |

**শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে আবেদনপত্র যাচাই বাছাই কমিটির সুপারিশ ও স্বাক্ষর:**

ক) HSP-MIS এ এন্ট্রির জন্য সুপারিশ যোগ্য ☐ টিক চিহ্ন দিন

খ) HSP-MIS এ এন্ট্রির জন্য সুপারিশের অযোগ্য ☐ টিক চিহ্ন দিন

**সভাপতি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান)**
আবেদনপত্র যাচাই বাছাই কমিটি

**সদস্য (অভিভাবক/ শিক্ষক প্রতিনিধি)**
আবেদনপত্র যাচাই বাছাই কমিটি

**সদস্য সচিব (শ্রেণি শিক্ষক)**
আবেদনপত্র যাচাই বাছাই কমিটি



CamScanner

**উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাবলী আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে**

১। জেনারেল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে অভিভাবকের নাম দিতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্ট এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

২। পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে শিক্ষার্থীর নিজ নামীয় একাউন্ট হিসাবে অনলাইন স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

৩। এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুললে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে অথবা পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুললে পিতা/মাতার নাম একাউন্টধারীর নাম হিসাবে লিখতে হবে।

৪। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর এনআইডি দিয়ে সংশ্লিষ্ট সিম রেজিস্ট্রেশন এবং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে পিতা/মাতার নাম লিখতে হবে।

**উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি/আবেদন করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চিয়তা প্রদান করে না**



CamScanner